



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/12/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সার্বিক সাইকিয়াট্রিক জরুরি কর্মসূচি বিকাশের জন্য 39 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের ঘোষণা করলেন

*সার্বিক সাইকিয়াট্রিক জরুরি কর্মসূচিসমূহ আচরণগত স্বাস্থ্য সঙ্কটে ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীকে তাৎক্ষণিক যত্ন ও চিকিৎসা প্রদান করে*

*স্টেটব্যাপী মোট কর্মসূচির সংখ্যাকে 31 এ বৃদ্ধি করতে এবং আচরণগত স্বাস্থ্য সমস্যায় ভুগতে থাকা হাজার হাজার ব্যক্তিকে সেবাদান করার জন্য অতিরিক্ত সক্ষমতা প্রদান করতে নয়টি প্রতিষ্ঠানকে অর্থদান করা হবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নয়টি সম্প্রদায়ভিত্তিক হাসপাতালকে নতুন সার্বিক সাইকিয়াট্রিক জরুরি কর্মসূচি বিকাশের জন্য মোট 39.1 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল প্রদান করা হবে। স্থাপিত হওয়ার পর কর্মসূচিগুলি স্টেটব্যাপী মোট কর্মসূচির সংখ্যাকে 31 এ বৃদ্ধি করবে এবং আচরণগত স্বাস্থ্য সমস্যায় ভুগতে থাকা হাজার হাজার ব্যক্তিকে সেবাদান করার জন্য অতিরিক্ত সক্ষমতা প্রদান করবে।

"হাসপাতালভিত্তিক সাইকিয়াট্রিক জরুরি কর্মসূচি সম্প্রসারণ করা হলো নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে বলীয়ান করার আমাদের প্রয়াসের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ," **গভর্নর হোকল বলেন।** "এই তহবিলটি সম্প্রদায়ভিত্তিক হাসপাতালগুলিকে নতুন কর্মসূচি প্রতিষ্ঠা করতে দিবে যাতে করে তারা আচরণগত স্বাস্থ্য সঙ্কটে ভুগতে থাকা কোনো ব্যক্তির দ্রুত মূল্যায়ন করতে এবং যত্ন প্রদান করতে সক্ষম হয়।"

**মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health, OMH) কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,** "সার্বিক সাইকিয়াট্রিক জরুরি কর্মসূচি সঙ্কটে থাকা বা চিকিৎসা সন্ধানী ব্যক্তিদেরকে পূর্ণাঙ্গ ব্যাপ্তির সেবা প্রদান করে। সম্প্রদায়ভিত্তিক হাসপাতালগুলিতে নতুন ধারণক্ষমতা যোগ করার মাধ্যমে আমরা স্টেটব্যাপী এই সেবা পাওয়ার সুযোগ উল্লেখজনকভাবে বৃদ্ধি করতে পারবো, যার মধ্যে পূর্বে সুবিধাবঞ্চিত এলাকাসমূহও থাকবে। আমাদের স্টেটের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থা বলীয়ান করার প্রতি গভর্নর হোকলের পূর্ণাঙ্গ প্রতিশ্রুতিকে এই তহবিলটি পুনরায় নিশ্চিত করলো এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে প্রয়োজন হলে নির্ভরযোগ্য অতি গুরুত্বপূর্ণ সেবা পাওয়ার সুযোগ পায় তা নিশ্চিত করবে।"

মানসিক স্বাস্থ্য অফিস পরিচালিত এই শর্তসাপেক্ষে প্রদত্ত অর্থ নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত পাঁচটি হাসপাতাল এবং আপস্টেট এলাকায় অবস্থিত চারটি হাসপাতালকে প্রদান করা হয়েছে যাতে তারা নতুন সার্বিক সাইকিয়াট্রিক জরুরি কর্মসূচি তৈরি ও পরিচালনা করতে পারে বা একটি স্যাটেলাইট অবস্থান স্থাপন করতে পারে। তহবিলপ্রাপ্তরা হলো:

### নিউ ইয়র্ক সিটি:

- সেইন্ট বার্নাবাস হাসপাতাল, 5 মিলিয়ন মার্কিন ডলার
- মন্টেফিওর মেডিকেল সেন্টার, \$4.6 মিলিয়ন মার্কিন ডলার
- মেইমোনিডেস মেডিকেল সেন্টার, \$4.9 মিলিয়ন মার্কিন ডলার
- ফ্ল্যাশিং হাসপাতাল মেডিকেল সেন্টার, \$4.5 মিলিয়ন মার্কিন ডলার
- নিউ ইয়র্ক ইউনিভার্সিটি ল্যাঙ্গন হেলথ, \$5 মিলিয়ন মার্কিন ডলার

### আপস্টেট নিউ ইয়র্ক:

- ফ্যাক্সটন সেইন্ট লুকস হেলথকেয়ার (ওনিডা কাউন্টি), 493,253 মার্কিন ডলার
- ওলিন জেনারেল হাসপাতাল (ক্যাটারাগাস কাউন্টি), \$5 মিলিয়ন মার্কিন ডলার
- আর্নট ওগডেন হাসপাতাল (শেমাঙ্গ কাউন্টি), \$4.8 মিলিয়ন মার্কিন ডলার
- ক্ল্যাঞ্চটন-হেপবার্ন মেডিকেল সেন্টার (সেইন্ট লরেন্স কাউন্টি), \$4.8 মিলিয়ন মার্কিন ডলার

সার্বিক সাইকিয়াট্রিক জরুরি কর্মসূচি হলো একটি নিরাপদ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ পরিবেশে সঙ্কটকালীন চিকিৎসার প্রয়োজনে থাকা ব্যক্তিদের জন্য মানসিক স্বাস্থ্য ব্যবস্থায় আসার প্রাথমিক প্রবেশপথ। তারা আচরণগত স্বাস্থ্য সঙ্কটে ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীকে সম্পূর্ণ ব্যাপ্তির সাইকিয়াট্রিক সেবা প্রদান করে, যার মধ্যে একত্রে একাধিক ব্যাধি, মাদক ব্যবহার ব্যাধি, বুদ্ধিগত এবং বিকাশগত অক্ষমতা, এবং মেডিকেল অবস্থাসম্পন্ন ব্যক্তি রয়েছে; এবং ব্যক্তির অধিক পর্যবেক্ষণের প্রয়োজন হলে কর্মসূচিগুলি তাদেরকে 72 ঘণ্টা পর্যন্ত ভর্তি করে রাখতে পারবে।

এই কর্মসূচিগুলি সেবাদানকারী, জরুরি মেডিকেল সেবা পরিবহন, পুলিশ পরিবহন, এবং ওয়াক ইনের থেকে রেফারেল গ্রহণ করে। ব্যক্তিদের মানসিক স্বাস্থ্যসেবার চাহিদা নির্ণয় করার জন্য প্রথমে স্ক্রিন করা হয়, এরপর যাচাই এবং পরীক্ষা করা। এরপর ব্যক্তিদেরকে তাদের প্রয়োজনের জন্য নির্দিষ্ট করে তৈরি করা চিকিৎসার পরিকল্পনা প্রদান করা হয়।

এছাড়াও কর্মসূচিতে রয়েছে মোবাইল সঙ্কট সেবা, যা সম্প্রদায়ে আচরণগত সঙ্কটের সাড়াদান করতে পারে এবং জরুরি মূল্যায়ন বা ভর্তির প্রয়োজন হ্রাস করতে সাহায্য করতে পারে। এছাড়াও মোবাইলকে সঙ্কট সেবা সম্প্রদায়ে ফলো আপ সেবার জন্য অপেক্ষারত ব্যক্তিদের সেবাদান করতে পারে।

এই তহবিল হলো নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা বলীয়ান করার জন্য গভর্নর হোকলের 1 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনার অংশ। এই ক্যাপিটাল তহবিলের অধিকাংশ সংগ্রহ করা হয়ে গেছে, তাই পরিকল্পনাটি এখন নতুন কর্মসূচি খোলার জন্য, কার্যকর উদ্যোগ সম্প্রসারিত করার জন্য, এবং মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের সেবাদান করতে কয়েক হাজার বিশেষায়িত আবাসন ইউনিট তৈরি করার প্রয়োজনীয় তহবিল প্রদান করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)